দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JAN 2018
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# মঠবাড়িয়ায় পিইসি পরীক্ষা না দিয়েই পাস

নিজস্ব সংবাদদাতা, পিরোজপুর, ৭ জানুয়ারি ॥ মঠবাড়িয়ায় প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা না দিয়ে এক শিক্ষার্থী জিপিএ ৪.৬৭ পেয়ে পাস করেছে এবং পরীক্ষায় নিয়মিত অংশগ্রহণ করলেও অপর এক শিক্ষার্থীকে অনুপস্থিত দেখানো হয়েছে। এ ঘটনা শনিবার জানাজানি হলে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবক মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, আঙ্কারমানিক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মনি আক্তার (যার রোল নং ১৮০৫) পরীক্ষায় অংশগ্রহণ না করেই জিপিএ ৪.৬৭ পেয়ে পাস করেছে।

অপরদিকে আংগুলকাটা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী পিয়াল জমাদ্দার (যার রোল নম্বর ১৭০৫) পরীক্ষায় অংশগ্রহণ করেও তাকে অনুপস্থিত দেখানো হয়েছে। সে স্থানীয় কেএম লতীফ ইনস্টিটিউশনে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলেও স্কুল থেকে রেজাল্ট শীট না পাওয়ায় স্কুলে ভর্তি হতে পারছে না।

এতে পরীক্ষা না দিয়ে পাস করা শিক্ষার্থী ও অভিভাবক হতবাক হন একই সঙ্গে ক্ষুব্ধ হন পরীক্ষা দিয়েও অনুপস্থিত দেখানো শিক্ষার্থীর বাবা-মাসহ স্থানীয়রা।

এ বিষয় উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ রুহুল আমিন বলেন, দুই শিক্ষার্থীর বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

ব্যানবেইস
পরিচালক
প্রাপ্তি নং
তারিখ
টীম
চীফ, ডি.এল.
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর